তারিখ ... 14 MAY 1997 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৪ ...

দৈনিক ইনকিলাব

০৭

অযৌক্তিক পদোন্নতির প্রতিবাদ

## বাকৃবিতে ছাত্র-ছাত্রীদের ক্লাস ও পরীক্ষা বর্জন অব্যাহত ঃ ট্রেন আটক

কৃষি বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ

থানা মৎস্য কর্মকর্তা পদে ৩য় শ্রেণীর কর্মচারীদের সরাসরি ১ম শ্রেণীতে প্রমোশনের প্রচেষ্টার প্রতিবাদে কৃষি বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ-সমাবেশ অব্যাহত রয়েছে। আজ এবং গতকাল মাৎস্য বিজ্ঞান অনুষদের ছাত্র-ছাত্রীরা ঢাকা-ময়মনসিংহ রেলপথে চলাচলকারী প্রতিটি ট্রেন নির্দিষ্ট সময়ের জন্য আটক করে রাখে। ফলে ট্রেন চলাচল বিঘ্ন ঘটে এবং যাত্রী-সাধারণ দুর্ভোগ পোহায়। মাৎস্য বিজ্ঞান অনুষদের ছাত্র-ছাত্রীরা ক্লাস ও পরীক্ষা বর্জন করছে। অন্যান্য অনুষদ ও ছাত্র সংগঠনগুলোও এ আন্দোলনের সাথে একাত্মতা ঘোষণা করেছে। দাবী আদায় না হওয়া পর্যন্ত মাৎস্য বিজ্ঞান অনুষদে কোন ক্লাস পরীক্ষা অনুষ্ঠিত হবে না। আজ বিকালে কৃষি বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির কার্যালয়ে উক্ত সাংবাদিক সম্মেলনে ছাত্র নেতৃবৃন্দ সদরুল বাবুল সঞ্জয়, জেকব প্রমুখ বক্তব্য রাখেন।